# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ফোন ঃ
অফিস ঃ ৯৫১১২৯৩, ৯৫৫৫১৩৩
ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

Phone :
Office : 9511293, 9555133
Fax : 88-02-9564763

স্মারক নং-বাপাউবো(সচি)/পরি-১/বিবিধ-৩/২০২০(২য় খন্ড)/৮৩ তারিখঃ ২৩-০৯-২০২০ খ্রিঃ

## দপ্তরাদেশ

"সিলেট জেলার সিলেট সদর ও বিশ্বনাথ উপজেলায় দশগ্রাম, মাহতাবপুর ও রাজাপুর পরগণা বাজার এলাকা সুরমা নদীর উভয় তীরের ভাঙ্গন হতে রক্ষা" প্রকল্পের আওতাধীন ড্রেজিং কাজের প্রয়োজনীয়তা ও পরিমাণ নির্ধারণসহ অন্যান্য ভৌত কাজসমূহ সমন্বয় করে ডিপিপি সংশোধনের নিমিত্ত মাঠ পর্যায়ে সরেজমিন পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় সম্ভাব্যতা যাচাই-বাছাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন তৈরীর জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি সমীক্ষা সম্পাদন কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

| ক্রমিক নং | কর্মকর্তাগণের নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-১, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব মোহাম্মদ মাহতাব হোসেন, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা-১, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব এইচ এম মঞ্জুর মোর্শেদ, উপ-প্রধান (অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব মোঃ আকবর হোসেন, সহকারী প্রধান(পরিবেশ ও বন), প্রধান পরিকল্পনা'র দপ্তর,বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৬। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৭। | নির্বাহী প্রকৌশলী, সিলেট পওর বিভাগ, বাপাউবো, সিলেট। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

ক) সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় কৃষি অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর এবং প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়ভূক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) বাস্তবায়নাধীন প্রকল্পটির আওতায় চলমান নদী তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়নে সংশ্লিষ্ট নদীর প্রকৃতি, প্রভাব ও গতি প্রকৃতি (Hydro-Morphological Change) Site Plan এ প্রদর্শনসহ বিশ্লেষণপূর্বক প্রকল্পভূক্ত ড্রেজিং কার্যক্রম পর্যালোচনান্তে পরবর্তী করনীয় বিষয়ে সুপারিশমালা প্রণয়ন করবেন;

গ) প্রযোজ্য ক্ষেত্রে CEGIS বা অনুরূপ প্রতিষ্ঠান সম্পাদিত সমীক্ষা বিবেচনায় নিয়ে বাস্তবায়নাধীন প্রকল্পটির ড্রেজিং কাজের প্রয়োজনীয়তা, যৌক্তিকতাসহ স্থান, চেইনেজ, পরিমাণ (প্রস্থ ও গভীরতাসহ) ও ব্যয় যাচাইপূর্বক পুনঃনির্ধারণ, প্রকল্পভূক্ত ড্রেজিং কার্যক্রম বিষয়ক সমীক্ষার প্রয়োজনীয়তা এবং প্রযোজ্য হলে Dredged material ব্যবস্থাপনা সম্পর্কিত পরিকল্পনা ও নকশা (স্কেচ ম্যাপ) সংযোজনপূর্বক সুনির্দিষ্ট সুপারিশমালাসহ Dredged material এর পরিমাণ, ব্যবহার ও ব্যবস্থাপনা ব্যয় নিরূপণ করবেন;

ঘ) প্রযোজ্য ক্ষেত্রসমূহে কৃষি, বনায়ন, শিল্প, নেভিগেশন সেক্টরসহ মৎস্য ও জলজ প্রাণী এবং পাখি সংরক্ষণসহ সার্বিক জীব-বৈচিত্র্যের উপর প্রকল্পের প্রভাব সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রদান করবেন এবং প্রকল্প সংশ্লিষ্ট এলাকার এলাকার সৌন্দর্য বৃদ্ধির জন্য দৃষ্টি নন্দন ওয়াকওয়ে, সিড়ি/ঘাট, ওয়াশরুম ও বেঞ্চ নির্মাণ, তীর বরাবর পার্ক নির্মাণ ও গাছপালা রোপনসহ সম্ভাব্য উপায়সমূহ সুপারিশ করবেন;

ঘ) বাপাউবো'র চলতি রেট সিডিউল, সংশ্লিষ্ট এলাকার জন্য প্রযোজ্য নকশা ও জলবায়ু পরিবর্তনের বিষয়টি বিবেচনায় নিয়ে হালনাগাদ বিস্তারিত তথ্য-উপাত্তের ভিত্তিতে পরিবর্তিত পরিস্থিতিতে প্রণীত ও অনুমোদিত নকশার ভিত্তিতে বিভিন্ন অংগসমূহের পরিমাণের হ্রাস-বৃদ্ধির যথার্থতা নিরূপণপূর্বক প্রাক্কলন প্রস্তুত/যাচাই করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

ঙ) প্রকল্প বাস্তবায়নে পরিবর্তিত পরিস্থিতিতে পরিবেশগত বিরূপ প্রভাব পড়বে কিনা তা নিরূপণ করবেন;

চ) বর্ণিত স্থানসমূহ রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন।

২। কমিটি সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ সমীক্ষা সম্পাদন প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন এবং প্রয়োজনে দাখিলকৃত প্রতিবেদন চুড়ান্তকরনের জন্য বোর্ডে অনুষ্ঠিতব্য সভায় আলোচনার জন্য পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনসহ উপস্থাপন করবেন।

৩। মূল প্রতিবেদনের **Soft Copy**(Text) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের **adgpl.bwdb@gmail.com** ঠিকানায় **E-mail** যোগে প্রেরণ করবেন।

৪। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

২৩/৯/২০

(মোঃ সামিউল ইসলাম খান)
উপ-সচিব (পরিকল্পনা)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।

চলমান পৃষ্ঠা-২

**বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ**

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-১, বাপাউবো, ঢাকা।
২। জনাব মোহাম্মদ মাহতাব হোসেন, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা-১, বাপাউবো, ঢাকা।
৩। জনাব এইচ এম মঞ্জুর মোর্শেদ, উপ-প্রধান (অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। জনাব মোঃ আকবর হোসেন, সহকারী প্রধান(পরিবেশ ও বন), প্রধান পরিকল্পনা'র দপ্তর,বাপাউবো, ঢাকা।
৫। নির্বাহী প্রকৌশলী, সিলেট পওর বিভাগ, বাপাউবো, সিলেট।
৬। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা। **একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।**
৭। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা। **একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।**

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ**

১-২। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা/নকশা, বাপাউবো, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী (পুর), উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট পওর সার্কেল, বাপাউবো, সিলেট।
৫। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬। সিঃ সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি ~~সেল~~ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।